দৈনিক সংবাদ

তারিখ 0 2 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ২

42

এইচএসসি পরীক্ষা

# যশোর বোর্ডে কলেজ পরিবর্তনকারীদের প্রবেশপত্র দেয়ার দাবি

॥ মানবেন্দ্র বটব্যাল ॥

বরিশাল, ১লা জুন।– যশোর শিক্ষা বোর্ডের অধীনে আগামী জুলাই মাসে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় কলেজ পরিবর্তনকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্র সরবরাহ করবে না বলে জানা গেছে।

শিক্ষা বোর্ড এ ধরনের প্রায় ১৫ হাজার পরীক্ষার্থীর সন্ধান পেয়েছে। সংশ্লিষ্ট কলেজের সংখ্যা প্রায় ১৪০টি। এসব কলেজের মধ্যে সরকারি কলেজও রয়েছে। যশোর বোর্ড অতীতে কোনদিনই এ ধরনের পরীক্ষার্থীদের ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়নি। কিন্তু এ বছর বিভিন্ন কলেজে কৈফিয়ত তলব করা হয়েছে।

বরিশাল শহরে অবস্থানরত কলেজ পরিবর্তনকারী পরীক্ষার্থীরা এক সাংবাদিক সম্মেলনে বোর্ডের সম্ভাব্য সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছে। তাদের বক্তব্য এসএসসি পরীক্ষার্থীদের বেলায় অনেক অনিয়মিত ছাত্রও পরীক্ষার্থী ছিল। কিন্তু এইচএসসি পরীক্ষার্থীরা সকলেই আগেই বোর্ডে রেজিস্ট্রেশন করিয়েছে। এমনকি তাদের নির্ধারিত পরীক্ষা ফিসের টাকাও গ্রহণ করা হয়েছে। বোর্ড এধরনের সিদ্ধান্ত নিলে অনেক পরীক্ষার্থীর পক্ষেই ভবিষ্যতে পরীক্ষা দেয়া সম্ভব হবে না। কারণ অনেকেরই রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে যাবে।

পরীক্ষার্থীরা জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারের নিকট স্মারকলিপি দিয়েছে এবং সম্ভাব্য সিদ্ধান্তের প্রতিবাদে বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছে।